
দৈনিক বাংলা

তারিখ 06 APR 19..
পৃষ্ঠা ... ... ... কলাম ...

ডকুমেন্টেশন কেন্দ্র



ফায়েজুল করিম



আসাদুল আমীন দাদন

# বাকসু নির্বাচনে ফায়েজুল-দাদন পরিষদ বিজয়ী

(নিজস্ব সংবাদদাতা)

কৃষি বিশ্ববিদ্যালয়, ৫ই এপ্রি[ল] ।—বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যাল[য়] কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদভু[ক্ত] আট দলীয় মোর্চার ফায়েজু[ল-] দাদন পরিষদ পূর্ণ প্যানে[লে] বিজয়ী হয়েছে। আট দল[ীয়] প্যানেলের প্রার্থীরা কৃষি বি[শ্ব]বিদ্যালয়ের ৯টি হল সংসদে[র] মধ্যে ৩টি হলের সব কয়টি প[দে]

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

জয়লাভ করেছেন।

বুধবার ভোরে নির্বাচন কমিশন বাকসু এবং ৯টি হল ছাত্র সংসদের ফল ঘোষণা করেন।

নির্বাচনে ফায়েজুল করিম (ছাত্রলীগ সু-র) ভিপি এবং সৈয়দ এ কে এম আসাদুল আমীন দাদন (ছাত্র ইউনিয়ন) জিএস নির্বাচিত হন।

ভিপি পদে ফায়েজুল করিম তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ৫ দলীয় মোর্চার শামসুল হোসেনের (সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট) চেয়ে ৩শ ৭৮ ভোট বেশি পেয়ে জয়লাভ করেন। জিএস পদে আসাদুল আমীন দাদন তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ৫ দলীয় মোর্চার রাজ্জেকুজ্জামান রতনের (সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট) চেয়ে ৪শ ৪৩ ভোট বেশি পেয়ে নির্বাচিত হন। উল্লেখ্য বাকসুতে ফায়েজুল-দাদন পরিষদের নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিল ৫ দলীয় মোর্চার শামসুল-রতন পরিষদ।

বাকসু নির্বাচনে ৮ দলীয় মোর্চার বাংলাদেশ ছাত্রলীগ (সু-র), ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রলীগ যৌথভাবে ফায়েজুল-দাদন পরিষদ ৫ দলীয় মোর্চার সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, ছাত্রলীগ (মু-না) ও ছাত্র মৈত্রী যৌথভাবে শামসুল-রতন পরিষদ, জাতীয়তাবাদী ছাত্রদল সুমন-কিংশুক পরিষদ, ইসলামী ছাত্রশিবির রব্বানী-আলমগীর পরিষদ এবং বিপ্লবী ছাত্র মঞ্চ জসি-চঞ্চল পরিষদ প্যানেল দিয়েছিল।

নির্বাচিত ফায়েজুল-দাদন পরিষদের অন্যান্য কর্মকর্তা হলেনঃ সাইফুল ইসলাম (ছাত্রলীগ সু-র) এজিএস, ছাইফুল ইসলাম (ঐ) ক্রীড়া সম্পাদক ফজলে রাব্বি মন্ডল আতা (ঐ) সহ-ক্রীড়া সম্পাদক, মফিজুর রহমান মফিজ (ঐ) মিলনায়তন সম্পাদক, মাসুদ পারভেজ জুয়েল (ঐ) সমাজকল্যাণ সম্পাদক দুলদানন্দ রায় খোকন (ছাত্র ইউনিয়ন) সাহিত্য সম্পাদক, শেখ বখতিয়ার পান্না (ছাত্রলীগ সু-র) বার্ষিকী সম্পাদক আহসান, হাবিব লিবার্টি (ছাত্র ইউনিয়ন) প্রমোদ সম্পাদক। সদস্য পদে বেলাল হোসেন, (জাতীয় ছাত্রলীগ), আলতাফ হোসেন বকুল (ছাত্র ইউনিয়ন), আলী আহসান মন্টু (ছাত্র ইউনিয়ন), গৌতম সরকার (ছাত্রলীগ সু-র), আবু সাইদ কামাল বাচচু (ছাত্রলীগ সু-র) নির্বাচিত হন।

ফায়েজুল-দাদন পরিষদ সোহরাওয়ার্দী হল শামসুল হক হল এবং জামাল হোসেন হলে পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে।

আশরাফুল হক হলের ভিপি পদ জাতীয়তাবাদী ছাত্রদল পেয়েছে, এছাড়া পাঁচ দলীয় জোটভুক্ত সংগঠন তিনটি ফজলুল হক হলের এজিএস ও সমাজকল্যাণ পদ, নাজমুল আহসান হলের সহ-ক্রীড়া পদ, শাহজালাল হলের ক্রীড়া ও সহ-ক্রীড়া পদ, ঈশাখাঁ হলের সমাজকল্যাণ সম্পাদক ও একটি সদস্য পদ সুলতানা রাজিয়া হলে জিএস সহ-ক্রীড়া ও একটি সদস্য পদ পেয়েছে। ঈশাখাঁ হলের ভিপি পদে স্বতন্ত্র প্রার্থী বিজয়ী হয়েছেন। হল সংসদের বাকি পদে আট দলীয় মোর্চা বিজয়ী হয়।

কৃষি বিশ্ববিদ্যালয়ের ৯টি হলে বিজয়ী ভিপি ও জিএসগণ হলেনঃ সুলতানা রাজিয়া হলে সম্পা ভিপি, সামিনা রোশনী জিএস, ফজলুল হক হলে আবুল কালাম আজাদ ভিপি, মোঃ ইয়াহিয়া জিএস, সোহরাওয়ার্দী হলে হুমায়ুন ভিপি আমিনুল জিএস আশরাফুল হক হলে মঈন ভিপি, আজহারুল ইসলাম জিএস, শামসুল হক হলে বাবুল ভিপি, শাহাবউদ্দীন জিএস, নাজমুল আহসান হলে জাকির হোসেন ভিপি সেলিম খান জিএস, শাহজালাল হলে ডাবলু ভিপি, মোশাররফ হোসেন জিএস, জামাল হোসেন হলে বাবুল ভিপি সালাম জিএস, ঈশাখাঁ হলে অলিউর ভিপি হাদীউল ইসলাম জিএস।

বাকসুর ফল ঘোষণার ফলে ক্যাম্পাসে বিজয় মিছিল বের হয়। জাতীয়তাবাদী ছাত্রদল নির্বাচিতদের অভিনন্দন জানিয়েছে। ৮ই এপ্রিল থেকে কৃষি ভার্সিটিতে রমজানের ছুটি শুরু হবে।